গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা।
www.doict.phulchari.gaibandha.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## ফুলছড়ি উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি, ফুলছড়ি, গাইবান্ধা।

প্রধান অতিথিঃ জনাব জি.এম.সেলিম পারভেজ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা
উপজেলা আইসিটি কমিটি, ফুলছড়ি, গাইবান্ধা।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা

**সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান মহোদয় তাঁর স্বাগত বক্তব্যে বলেন বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে ও প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ভিশন ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে দেশকে উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গড়তে চাইলে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির উন্নতি ও ব্যবহার নিশ্চিত করণের কোন বিকল্প নেই। তিনি উপজেলা আইসিটি কর্মকর্তার নিকট আইসিটি বিষয়ক সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রম গ্রহণ, নতুন নতুন আইসিটি সেবা চালু করার আহ্বান জানান এবং উপজেলায় আইসিটি কর্মকর্তার নিয়োগ ও প্রথম আইসিটি কমিটি গঠনে সন্তুষ্টি প্রকাশ করেন এবং এই ধারা অব্যাহত রেখে ডিজিটাল বাংলাদেশ গঠনের আশা ব্যক্ত করেন। অতঃপর তিনি সভার শুভ উদ্বোধন ঘোষণা করেন এবং সভার কার্যক্রম শুরু করার জন্য সভার সভাপতি তথা উপজেলা আইসিটি কমিটির সম্মানিত সভাপতি, উপজেলার নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয় এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব মোঃ কাজল মিয়া, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর সম্পর্কে ধারণা প্রদান ও এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব মোঃ কাজল মিয়া তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | উপজেলা ও ইউনিয়ন | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী প্রতিষ্ঠানের জাতীয় তথ্যবাতায়নে তথ্য হালনাগাদ করণে করণীয় বিষয়ে সভায় বিস্তারিত | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এবং সার্বিক |

| | | | |
|---|---|---|---|
| | পর্যায়ে জাতীয় তথ্য বাতায়নে তথ্য হালনাগাদ করণ | আলোচনা হয়। উপজেলায় অবস্থিত সকল স্কুল কলেজের নিজস্ব ওয়েবপোর্টাল এর প্রয়োজনীয়তার বিষয়েও আলোচনা হয়।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান এর তত্ত্বাবধানে উক্ত দপ্তরের যাবতীয় তথ্য বাতায়নে হালনাগাদ করবে বলে সভায় সিদ্ধান্ত হয়। সকল স্কুল কলেজ তাদের নিজস্ব ওয়েবপোর্টাল চালু করার ব্যাপারে একমত পোষণ করেন। | সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৩ | ই-নথির কার্যক্রম পরিচালনা | উপজেলার সকল সরকারী দপ্তরে লাল ফিতার দৌরাত্ম্য রোধে, সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে এবং ডিজিটাল গভর্নেন্স প্রতিষ্ঠায় ই-নথির কার্যক্রম অনতিবিলম্বে শুরু করা দরকার বলে সভায় সবাই একমত পোষণ করেন।<br>প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধান নিজ উদ্যোগে ই-নথি কার্যক্রম পরিচালিত করবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রত্যেক দপ্তরের দপ্তর প্রধানের তত্ত্বাবধানে উক্ত দপ্তর এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | প্রশিক্ষণ সংক্রান্ত | জাতীয় তথ্য বাতায়ন ও ই-নথি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান সহ অন্যান্যদের প্রশিক্ষণের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন বলে সভায় মনে করা হয়। বিভিন্ন স্কুল কলেজের শিক্ষকদের আইসিটি বিষয়ে সচেতনা সৃষ্টির জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করাও একান্ত প্রয়োজন বলে মনে করা হয়।<br>প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে, বিভিন্ন প্রকল্পের সহযোগীতায়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বিশেষ সহযোগীতায় সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণের ব্যবস্থা করার ব্যাপারে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অর্থায়নে নিজস্ব দপ্তর, সহযোগী প্রকল্প। বাস্তবায়নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহকারি প্রোগ্রামার। |
| ০৫ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব তদারকি | উপজেলায় চারটি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপিত হয়েছে। সভায় উক্ত ল্যাবগুলোর সার্বক্ষনিক পর্যবেক্ষণ ও পরিচালনা করা ও ব্যবহার বৃদ্ধিতে করণীয় বিষয় সংক্রান্ত আলোচনা হয়।<br>তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় থেকে প্রাপ্ত ল্যাব সংক্রান্ত সকল নীতিমালা সরাসরি বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের তাগিদ দেয়া ও প্রতি মাসে ল্যাবগুলোকে সার্বক্ষণিক পরিদর্শন ও পর্যবেক্ষন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৬ | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহার ও সাইবার নিরাপত্তা বিষয়ক | সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের বিভিন্ন দিক নিয়ে সভায় আলোচনা হয়। সামাজিক যোগাযোগ মাধ্যম যেমন ফেসবুক, টুইটার ব্যবহারের মাধ্যমে জনগনকে সচেতন করা এবং বিভিন্ন গুজব রোধে প্রত্যেকের অবস্থান থেকে কার্যকর ব্যবস্থা গ্রহনে করণীয় বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সাইবার অপরাধের বিস্তার রোধে করণীয় সচেতনতা বৃদ্ধিমুলক কার্যক্রমের পাশাপাশি আইনের শক্ত প্রয়োগ এর প্রয়োজনীয়তা বিষয়ে সভায় আলোচনা হয়। প্রত্যেকেই সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারে যথেষ্ট সচেতন হবেন বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকলে |
| ০৭ | সেবা পদ্ধতি সহজীকরণ | সভায় নাগরিক সেবাকে আরও সহজীকরণে করণীয় বিষয় সংক্রান্ত বিশদ আলোচনা হয়। প্রান্তিক জনগণ কিভাবে নাগরিক সেবা ঘরে বসেই পেতে পারেন, তাদের যেন অর্থ, সময়, শ্রম সংক্রান্ত ব্যয়কে কমিয়ে আনা যায় এ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করণ, প্রত্যেক দপ্তরের কার্যাবলি, | বাস্তবায়নে সংশ্লিষ্ট দপ্তর ও সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি |

| | | | |
|---|---|---|---|
| | | যোগাযোগ নম্বর প্রত্যেক দপ্তরের নিজস্ব ওয়েবপোর্টালে নিয়মিতভাবে আপডেট করতে হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | অধিদপ্তর। |
| ০৮ | ই-সেবা তৈরি ও বাস্তবায়ন | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল কন্টেইন তৈরী, বিজ্ঞান ভিত্তিক প্রামান্য তথ্যচিত্র প্রদর্শনসহ নতুন নতুন ই-সেবা তৈরির কোন বিকল্প নাই। সভায় নিয়মিত নতুন নতুন ইনোভেটিভ ই-সেবা তৈরি ও তার বাস্তবায়নে চ্যালেঞ্জ ও উপায় সংক্রান্ত বিশদ আলোচনা হয়।<br>সহকারী প্রোগ্রামার বিভিন্ন স্কুল কলেজের শিক্ষার্থীদের বিভিন্ন ইনোভেটিভ আইডিয়া প্রদান করবেন ও বাস্তবায়ন করবেন। বিভিন্ন দপ্তর থেকে প্রাপ্ত বিভিন্ন ইনোভেটিভ, ই-সেবা সংক্রান্ত আইডিয়াগুলো বাস্তবায়নে করণীয় বিষয়গুলো সহকারী প্রোগ্রামার স্থির করবেন বলে সভায় সিদ্ধান্ত হয়। | আইডিয়া তৈরিতে সংশ্লিষ্ট সকল ও বাস্তবায়নে ও সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৯ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানিত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় বক্তাগণ ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা।
www.doict.phulchari.gaibandha.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং -৫৬.০৪.৩২২১.০০১.৭০.০০৬.১৯. তারিখঃ ১৫ আশ্বিন ১৪২৬ বাংলা / ৩০ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, গাইবান্ধা-৫
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/মন্ত্রণালয়,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ,রংপুর।
৫। জেলা প্রশাসক, গাইবান্ধা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
৮। অধ্যক্ষ, ফুলছড়ি সরকারী কলেজ,ফুলছড়ি, গাইবান্ধা।
৯। উপজেলা কৃষি অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
১০। উপজেলা মৎস্য অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
১১। উপজেলা প্রকৌশলী, ফুলছড়ি, গাইবান্ধা।
১২।উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
১৩। উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
১৪। উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
১৫। অফিসার ইন-চার্জ, ফুলছড়ি থানা, ফুলছড়ি, গাইবান্ধা।
১৬। প্রধান শিক্ষক, ফুলছড়ি পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়,ফুলছড়ি, গাইবান্ধা।
১৭। অধ্যক্ষ, কঞ্চিপাড়া ডিগ্রী কলেজ, ফুলছড়ি, গাইবান্ধা।
১৮। প্রধান শিক্ষক, ছালুয়া ফজলে রাব্বী বালিকা উচ্চ বিদ্যালয়,ফুলছড়ি, গাইবান্ধা।
১৯। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, আইসিটি বিষয়ক প্রতিনিধি।
২০। অফিস কপি।

30.09.2019

(মোঃ কাজল মিয়া)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
মোবাইলঃ ০১৭২৩৩৩১৫১৭
Email: kazal.cse91@gmail.com

## পরিশিষ্ট – "ক"

**ফুলছড়ি উপজেলার আইসিটি কমিটির সেপ্টেম্বর/২০১৯ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থিতির তালিকাঃ**

| ক্রম | নাম ও পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | জনাব জি এম সেলিম পারভেজ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,ফুলছড়ি, গাইবান্ধা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০২ | জনাব মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়, উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি, ফুলছড়ি, গাইবান্ধা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৩ | জনাব মোছাঃ আঞ্জু মনোয়ারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৪ | ডাক্তার জনাব মোসাব্বির আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৫ | জনাব মোহাম্মদ আহসানুল হাবিব সজল ,অধ্যক্ষ, ফুলছড়ি সরকারী কলেজ, ফুলছড়ি | স্বাক্ষরিত | উপস্থিত |
| ০৬ | উপজেলা কৃষি অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা। | ----- | অনুপস্থিত |
| ০৭ | উপজেলা মৎস্য অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা। | ----- | অনুপস্থিত |
| ০৮ | উপজেলা প্রকৌশলী, ফুলছড়ি, গাইবান্ধা। | ----- | অনুপস্থিত |
| ০৯ | জনাব এইচ. এম. মাহাবুবুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলছড়ি | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১০ | জনাব মোঃ কফিল উদ্দিন সরকার, উপজেলা শিক্ষা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা। | ----- | অনুপস্থিত |
| ১২ | জনাব মিলন কুমার বর্মন ,প্রধান শিক্ষক, ফুলছড়ি পাইলট সরকারী উচ্চ বিদ্যালয়। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৩ | জনাব এ.টি.এম রাশেদুজ্জামান , অধ্যক্ষ, কঞ্চিপাড়া ডিগ্রী কলেজ, ফুলছড়ি, গাইবান্ধা। | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৪ | অফিসার ইন-চার্জ, ফুলছড়ি থানা, ফুলছড়ি, গাইবান্ধা। | ----- | অনুপস্থিত |
| ১৫ | মোছাঃ রওশন আরা বেগম প্রধান শিক্ষক, ছালুয়া ফজলে রাব্বী বালিকা উচ্চ বিদ্যালয়, | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৬ | জনাব মোছাঃ জেসমিন আখতার, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৭ | জনাব মোঃ শফিউদদৌলা আকন্দ, প্রভাষক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ফুলছড়ি সরকারী কলেজ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৮ | জনাব সুনীল কুমার বর্মন, প্রভাষক, অর্থনীতি, কঞ্চিপাড়া ডিগ্রী কলেজ | স্বাক্ষরিত | উপস্থিত |
| ১৯ | জনাব মোঃ কাজল মিয়া, সহকারী প্রোগ্রামার ও সদস্য-সচিব উপজেলা আইসিটি কমিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ফুলছড়ি, গাইবান্ধা। | স্বাক্ষরিত | উপস্থিত |